# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বাংলাদেশ পুলিশ
### প্রিন্সিপ্যালের কার্যালয়
### বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী

স্মারক নং-বিপিএ/প্রশাসন/৪০১৫ | তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.০৯৫.০২.০০০১.২২.৬৯ তারিখ: ০৯/০৬/২০২৬ খ্রি. এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা স্মারক নং- ৪৪.০১.০০০০.০২৮.১৮.০৫৪-২০২১-১০৬০ তারিখ: ১৮/০৬/২০২৬ খ্রি. মূলে বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী কর্যালয়ের জন্য ১১টি অফিস সহায়ক (এমএলএসএস) এর প্রকৃত শুন্যপদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতিয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহায়ক (এমএলএসএস) | ১১ (এগারো) টি | গ্রেড-২০: ৮,২৫০-২০,০১০/- | অষ্টম শ্রেণি পাশ |

**আবেদনের শর্তাবলী:**

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৩. নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে, আবেদন ফরম টি বাংলাদেশ পুলিশ একাডেমী bpa.police.gov.bd ওয়েব সাইট এ পাওয়া যাবে।

৪. প্রার্থীর বয়সসীমা আগামী ২৮/০৮/২০২৬ খ্রি. ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৫. মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬. খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৭. বিভাগীয় (চাকুরীরত) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৮. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৯. **আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।**

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে স্টেপলার পিন দ্বারা সংযুক্ত করতে হবে।

(খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সত্যায়িত)।

(গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত)।

(ঘ) নাগরিকত্ব সনদের মূল কপি ।

(ঙ) আবেদনকারীকে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের মাধ্যমে **পুলিশ সদর দপ্তর বাংলাদেশ পুলিশ প্রাতিষ্ঠানিক কোড-১২২০২০১১০৫৯৫৪ এবং অর্থনৈতিক কোড-১৪২২৩২৬ এ পরীক্ষা ফি অটোমেটেড অনলাইন ব্যাংকিং চালান (ট্রেজারি চালান) এর মাধ্যমে ১০০/- (একশত) টাকা** অফেরৎযোগ্য সরকারি কোষাগারে জমাকরত চলানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম-ঠিকানা সংবলিত ১৫ (পনের) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫"×৪" সাইজের ০২ টি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার পুত্র-কন্যাদের আবেদনের ক্ষেত্রে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) এবং মুক্তিযোদ্ধা সরকারী গেজেট এর ফটোকপি (সত্যায়িত)।

(জ) শারীরিক প্রতিবন্ধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

১০. **লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(i) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের মূল কপি।

(ii) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের মূল কপি।

(iii) জাতীয় পরিচয় পত্র ও জন্ম সনদপত্রের মূল কপি।

(iv) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে- বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার পুত্র-কন্যাদের স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি।

(v) শারীরিক প্রতিবন্ধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি।

১১. কোটায় আবেদনকারীর ক্ষেত্রে কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত/নীতিমালা অনুসরণ করা হবে।

১২. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসূমহ পূরণে বিদ্যমান পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ অনুসরণ করা হবে।

১৩. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৪. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এই বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিমার্জন/সংশোধন/সংযোজন/বিয়োজন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. আগামী ২৮/০৮/২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ডাকযোগে প্রিন্সিপ্যালের কার্যালয়, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বরাবর পৌছাতে হবে। সরাসরি অত্র কার্যালয়ে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

27.07.26

**মোহাম্মদ সাইফুল ইসলাম, বিপিএম, পিপিএম (বার)**
বিপি-৭৭০৬১১৭৫৪১
পুলিশ সুপার (অ্যাডমিন অ্যান্ড লজিস্টিকস্)
পক্ষে-প্রিন্সিপ্যাল (অ্যাডিশনাল আইজিপি)
বাংলাদেশ পুলিশ একাডেমী
সারদা, রাজশাহী
ফোনঃ ০২-৫৮৮৮৭৯১২৩/ফ্যাক্সঃ ০২-৫৮৮৮৭৯১৩০

বরাবর
প্রিন্সিপ্যাল
বাংলাদেশ পুলিশ একাডেমী
সারদা, রাজশাহী।

## চাকুরী আবেদন ফরম

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি স্ট্যাপল করতে হবে

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ | দিন | মাস | বৎসর |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দিন | মাস | বৎসর | ৬. জন্মস্থান (জেলা) : | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর: | মাস: | দিন : | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোস্টাকোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল নম্বর: | ই-মেইল (যদি থাকে): | | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) | | |
| ২০. | ট্রেজারী চালান/ট্র্যাকিং নম্বর ও তারিখ: | | | | | |
| ২১. | ব্যাংক ও শাখার নাম: | | | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকিব।

তারিখ ঃ

স-১২৬৮ (২০×৪)

প্রার্থীর স্বাক্ষর